

(৪৪) মুরগীর বাচ্চা-কেবল ১ (এক) দিনের মুরগীর বাচ্চা (এইচ, এস, হেডিং ০১.০৫) নিবর্ণিত শর্ত সাপেক্ষে আমদানি করা যাইবে, যথাঃ-

(ক) আমদানিতব্য বাচ্চা সংক্রামত ব্যাধিমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের পশু স বিভাগের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার সনদপত্র থাকিতে হইবে;

(খ) রপ্তানিকারক দেশ এভিয়ান ইনফ্লুয়েঞ্জা মুক্ত এই মর্মে World Organization Animal Health এর সার্টিফিকেট দাখিল করিতে হইবে।

(গ) আমদানিকারককে অবশ্যই ঋণপত্র খোলার সময় তাহার হ্যাচারী বা ব্রীডার রহিয়াছে এই মর্মে পশু সম্পদ অধিদপ্তরের পরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ব প্রত্যয়নপত্র ব্যাংকে প্রদর্শন করিতে হইবে।

(৪৫) হাঁস-মুরগী ও পাখির ডিম- হাঁস-মুরগী ও পাখির ডিম (এইচ, এস, হেডিং ০৪.০৭ ও কোড নম্বর ০৪০৭.০০.০০) হাঁস-মুরগী ও পাখির ডিম বাণিজ্য মন্ত্রণালয়ে পূর্বানুমি নিলিখিত শর্তে আমদানি করা যাইবে, যথাঃ-

(ক) Avian Influenza, Bird Flu মুক্ত দেশ থেকে সীমিত আকারে ডিম আমদানী করিতে হইবে; এবং

(খ) আমদানকৃত ডিমের প্রতিটি চালানের জন্য রপ্তানিকারক দেশের প্রাণিসম্পদ বিভাগ/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক Avian Influenza, Bird Flu ভাইরাস ক্ষতিতর ব্যাকটেরিয়া মুক্ত মর্মে সনদ থাকিতে হইবে।

(৪৬) গবাদিপশুর হিমায়িত সীমেন- (এইচম এসম হেডিং নম্বর ০৫.১১ এর এইচ, এস হেডিং নম্বর ০৫১১.১০.০০) গবাদিপশুর হিমায়িত সীমেন ও এমব্রায়ো (Embryo), ফ্রিজিয়ান, ফ্রিজিয়ান ক্রসম শাহিওয়াল, শাহিওয়াল ক্রস, ফ্রিজিয়ান-শাহিওয়াল ক্রসম এএফএসম এএফএস ক্রস গবাদি পশুর হিমায়িত সীমেন (ডিপ ফ্রোজেন সীমেন) ব্যতীত অন্যান্য গরুর সীমেন আমদানি --- তবে ফ্রিজিয়ানম ফ্রিজিয়ান ক্রসম শাহিওয়াল, শাহিওয়াল ক্রসম ফ্রিজিয়ান-শাহিওয়াল ক্রস, এএপএস, এএফএস ক্রস, ব্যামাহ (Bramah), Murrah, Nilliravi Mediteranean মহিষের জাত গবাদি পশুর মিয়াতি সীমেন (পিপ ফ্রোজেন সীমেন), এমব্রায়ো (Embryo) আমদানি করা যাই।

(৪৭) উপ-অনুচ্ছেদ (৪৬) এ উল্লিখিত সীমেনের জাত এবং উহা সংক্রামক ও যৌনব্যাধি এবং রপ্তানিকারক দেশ Bovine Spongiform Encephalopathy (BSE) মুক্ত এই মর্মে দেশের যথোপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র থাকিতে হইবে।

(৪৮) ইথানল (ইথাইল এ্যালকোহল)- ইথানল (ইথাইল এ্যালকোহল) এনালার (আনডিনেচার্ড) ব্যতীত সকল পণ্য আমদানি নিষিদ্ধঃ

তবে শর্ত থাকে যে, কেবল ইথানল (ইথাইল এ্যালকোহল) নানালার গ্রেড (আনডিনে স্বীকৃত ঔষধ শিল্প কর্তৃক ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমতি ও নির্ধারিত শর্ত সাপেক্ষে আমদানিযোগ্য।

৬। লাইসেন্স প্রদান। (১) এই আইনের অধীন মৎস্য খাদ্য বা পশুখাদ্য উৎপাদন, প্রক্রয়াজাতকরণ, আমদানি, রপ্তানি, বিপণন, বিক্রয়, বিতরণ এবং আনুষ্ঠানিক কার্যাবলী সম্পাদন করিতে ইচ্ছুক কোন ব্যক্তি লাইসেন্সের জন্য ধারা ৫ এ উল্লিখিত লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট নির্ধারিত পদ্ধতিতে ও ফরমে আবেদন করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, এতদুদ্দেশ্যে বিধি প্রণীত না হওয়া পর্যন্ত কোন ব্যক্তি লাইসেন্সের জন্য লিখিতভাবে আবেদন করিতে পারিবেন।

(২) উপ-ধারা(১) এর অধীন লাইসেন্সের জন্য আবেদন করা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ-

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী মৎস্যখাদ্য বা পশুখাদ্য উৎপাদন, প্রক্রয়াজাতকরণ, আমদানি, রপ্তানি, বিপণন, বিক্রয়, বিতরণ, পরিবহন এবং আনুসঙ্গিক কার্যাবলী সম্পাদন করিবার জন্য নির্ধারিত শর্তাবলী পূরণ করিয়াছেন, তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনকারীর নিকট হইতে ধারা ৮ এর অধীন নির্ধারিত ফি আদায় করিয়া ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীকে লাইসেন্স প্রদান করিবে; অথবা

(খ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, নির্ধারিত শর্তাবলী পূরণ করিবার জন্য আবেদনকারীকে সুযোগ প্রদান করা সমীচীন, তাহা হইলে উক্ত শর্তাবলী পূরণ করিবার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনকারীকে অনধিক ৩০ (ত্রিশ) দিন সময় প্রান করিতে পারিবে; এবং

(অ) উক্ত সময়ের মধ্যে আবেদনকারী উল্লিখিত সকল শর্তাবলী প্রতিপালন করিতে সক্ষম হইলে পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে আবেদনকারীকে অবহিত করিবে; অথবা

(আ) উক্ত সময়ের মধ্যে প্রয়োজনীয় শর্তাবলী পূরণ করিতে আবেদনকারী ব্যর্থ হইলে আবেদন নামঞ্জুর করিয়া ১৫ (পনের) দিনের মধ্যে আবেদনকারীকে অবহিত করিবে; অথবা

(গ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, আবেদনকারী নির্ধারিত শর্তাবলীর মধ্যে অধিকাংশ শর্ত পূরণ করিতে সক্ষম হয় নাই এবং আবেদনকারীকে দফা (খ) এ উল্লিখিত সুযোগ প্রদান করা হইলে উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট শর্তাবলী পূরণ করিতে সক্ষম হইবার সম্ভাবনা নাই, তাহা হইলে আবেদনকারীর আবেদন সরাসরি নামঞ্জুর করিয়া ১৫ (পনের) দিনের মধ্যে আবেদনকারীকে অবহিত করিবে।